



SOP (Standard Operating Procedure)

SOP'র নাম: বিদেশী নাবিকদের স্বদেশ প্রত্যাবর্তন কার্যক্রম (বাণিজ্যিক/স্ক্র্যাপ) সংক্রান্ত SOP

পৃষ্ঠা	৩	SOP নং	
SOP অনুমোদনকারী	নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা	অনুমোদনের তারিখ	
SOP ব্যবহারকারী	সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম	বাস্তবায়নের তারিখ	

১. উদ্দেশ্য:

SOP তৈরীর মূল উদ্দেশ্য হচ্ছে নাগরিক সনদ বা সিটিজেন চার্টার মোতাবেক তালিকাভুক্ত শিপিং/ম্যানিং এজেন্সিভুক্ত দেশী/বিদেশী পতাকাবাহী জাহাজে কর্মরত বিদেশী সীফারারদের নিজ দেশে প্রত্যাবর্তনের জন্য দাখিলকৃত অনুরোধ পত্রের প্রেক্ষিতে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম কর্তৃক একটি সুনির্দিষ্ট ব্যবস্থাপনার মাধ্যমে অনাপত্তি প্রদানে প্রয়োজনীয় পদক্ষেপ গহন করা এবং সেবার উৎকর্ষসাধন ও সহজীকরণ করার মাধ্যমে বিদেশী নাবিকদের স্বদেশ প্রত্যাবর্তনে সংশ্লিষ্ট শিপিং/ম্যানিং এজেন্টকে সহায়তা করা।

২. লক্ষ্য:

SOP তৈরীর লক্ষ্য হচ্ছে বিদেশী সীফারারদেরকে আবেদনকারী শিপিং/ম্যানিং এজেন্ট কর্তৃক তাদের নিজ দেশে প্রত্যাবর্তনের লক্ষ্যে সীফারার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হিসেবে শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস ও তাঁর অধীন কর্মরত কর্মচারীদের দায়িত্ব নির্দিষ্টকরণের মাধ্যমে বিদেশী সীফারারদের স্বদেশ প্রত্যাবর্তনে অনাপত্তি প্রদানের প্রক্রিয়াটিতে ধারাবাহিকতা, গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

৩. বাংলাদেশী আইন ও বিধি মোতাবেক বিদেশী নাবিকদের স্বদেশ প্রত্যাবর্তন কী?

চট্টগ্রাম বন্দরে আগত দেশী/বিদেশী পতাকাবাহী জাহাজে কর্মরত বিদেশী সীফারারদেরকে নিজ দেশে গমনের প্রয়োজন হলে যে দাপ্তরিক প্রক্রিয়ার মাধ্যমে সংশ্লিষ্ট বিদেশী সীফারারের নিজ দেশে যাওয়ার ব্যবস্থা সম্পাদন করা হয় তাকে স্বদেশ প্রত্যাবর্তন বলে।

বিদেশী নাবিকদের স্বদেশ প্রত্যাবর্তন এর বিষয়ে অনাপত্তি গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিপিং/ম্যানিং এজেন্ট সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামে প্রয়োজনীয় ডকুমেন্টসহ লিখিতভাবে আবেদন করেন। সমুদ্র পরিবহন অফিসের বিজ্ঞপ্তি নং- ১৮.১৭.১৫০০.৩০৪.১৮.০৯৩.১৩.১১৩, তারিখঃ ২৯-০৭-২০২০ খ্রিঃ অনুযায়ী ধারাবাহিকভাবে কার্যক্রম সম্পন্ন হয়। এছাড়া MLC-2006 এর Regulation 2.5 (Repatriation) তে প্রত্যেক সদস্য রাষ্ট্র কর্তৃক বিদেশী নাবিকদের স্বদেশ প্রত্যাবর্তনের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও ব্যবস্থা গ্রহণের নির্দেশনা আছে।

৪. স্বদেশ প্রত্যাবর্তন কাজের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাঃ

বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা অনুযায়ী শিপিং মাস্টার অথবা বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ৮(৩) মোতাবেক শিপিং মাস্টারের অধীন দায়িত্বপ্রাপ্ত উপ-শিপিং মাস্টার ও সহকারি শিপিং মাস্টার এর উপস্থিতিতে উক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়।

যোগাযোগের ঠিকানা:

শিপিং মাস্টার

সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন: ৮৮০-৩১-৭২৩৭৫৪
ইমেইল: gso@gso.gov.bd
ওয়েবসাইট: www.gso.gov.bd

৫. স্বদেশ প্রত্যাবর্তন প্রক্রিয়া, সময় ও বাস্তবায়নকারীঃ

৫.১ স্বদেশ প্রত্যাবর্তন প্রক্রিয়াঃ

ক্রমিক	কার্যক্রম	সময়	বাস্তবায়নকারী
০১	জাহাজ মালিক বা লাইসেন্স প্রাপ্ত ম্যানিং/শিপিং এজেন্ট হতে জাহাজ সংশ্লিষ্ট তথ্যাদিসহ চাহিদা অনুযায়ী শিপিং অফিস এর জন্য শিপিং মাস্টারের বরাবরে আবেদন করবেন।	----	জাহাজ মালিক বা মালিকের স্থানীয় প্রতিনিধি
০২	শিপিং মাস্টার কর্তৃক স্বদেশ প্রত্যাবর্তন সংক্রান্ত অনাপত্তি প্রদানের জন্য শিপিং অফিস ফরম নং-৫ (BOND-5) সরবরাহের আবেদন পত্রে স্বাক্ষর করার পর ডায়েরি শাখায় প্রেরণ।	১০ মিনিট	শিপিং মাস্টার সরকারি সমুদ্র পরিবহন অফিস
০৩	চাহিদা অনুযায়ী শিপিং অফিস ফরম নং-৫ (BOND-5) এর আবেদন পত্রে ডায়েরি নাম্বার প্রদান করে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ।	১০ মিনিট	দায়িত্বপ্রাপ্ত কর্মচারী, ডেসপাচ ও ডায়েরী শাখা সরকারি সমুদ্র পরিবহন অফিস
০৪	চাহিদা অনুযায়ী শিপিং অফিস ফরম নং-৫ (BOND-5) এর আবেদন পত্রে ডায়েরি নম্বরসহ সংশ্লিষ্ট শাখায় আসলে জন্য শিপিং অফিস ফরম নং-৫ (BOND-5) সরবরাহ করা হয়।	২০ মিনিট	দায়িত্ব প্রাপ্ত কর্মচারী, সরকারি সমুদ্র পরিবহন অফিস
০৭	শিপিং অফিস ফরম নং-৫ (BOND-5) প্রাপ্তির পর স্থানীয় এজেন্ট কর্তৃক স্বদেশ প্রত্যাবর্তন সংক্রান্ত অনাপত্তি প্রাপ্তির আবেদন নিয়ে আসলে পূর্বের ক্রমিক ১ হতে ৩ কার্যশেষে শিপিং অফিস ফরম নং-৫ (BOND-5) যথাযথভাবে পূরণ করে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রতি বিদেশী নাবিকের জন্য পৃথকভাবে	প্রকৃত সময়	জাহাজ মালিক বা মালিকের স্থানীয় প্রতিনিধি

ক্রমিক	কার্যক্রম	সময়	বাস্তবায়নকারী
	অঞ্জীকারনামাসহ সংশ্লিষ্ট অন্যান্য ডকুমেন্ট দাখিল করবেন।		
০৮।	জাহাজ মালিক বা মালিকের স্থানীয় প্রতিনিধি কর্তৃক ডকুমেন্ট দাখিলের পর যাচাই-বাছাই পূর্বক যথাযথ পাওয়া গেলে স্বদেশ প্রত্যাবর্তন সংক্রান্ত অনাপত্তি প্রদান।	১ ঘন্টা	দায়িত্ব প্রাপ্ত কর্মচারী এবং শিপিং মাস্টার সরকারি সমুদ্র পরিবহন অফিস

৬. বন্ড -৫ এবং স্বদেশ প্রত্যাবর্তন ফি সংগ্রহ পদ্ধতিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় এর পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.১১৮.২০১৩(অংশ)/০৩, তারিখ: ২৮-০১-১৫ খ্রি:, নৌ-পরিবহন মন্ত্রণালয় এর পত্র নং- ১৮.০১৯.০৭.০০.০০.০০১.২০১৩-৪৫৮ তারিখ ০৫-০৮-২০১৫ এবং অত্র অফিসের পত্র নং- ৪০৫.০০৫.০৪৪.০০.০০.০৪৪.২০১০/অংশ-১৩/৮৬৮ তারিখ ০২-০৯-২০১৫ মোতাবেক অনুমোদিত সেবার ইস্যু ফি নিম্নরূপ:-

ক্রমিক	ধরন	ফি	ভ্যাট
০১	বন্ড -৫ প্রতিটি	৫০/=	--
০২	স্বদেশ প্রত্যাবর্তন	১০০/=	--

উক্ত ফি সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামের রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং- ১ এর মাধ্যমে পরিশোধযোগ্য।

রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে আদায়কৃত বন্ড ও স্বদেশ প্রত্যাবর্তন ফি ও ভ্যাট নন ট্যাক্স রেভিনিউ হিসেবে ড্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়।

তারিখঃ

মহাপরিচালক

নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা